

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

web: www.rdodtekhulna.gov.bd

Email: rdokhulna@gmail.com

স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুঃবিঃ/১৪৬৬

তারিখ : ২৩/১০/২০১৯ খ্রিঃ

প্রাপক,

প্রধান শিক্ষক,

ঝিকরগাছা সরকারি এমএল মডেল হাই স্কুল,

ঝিকরগাছা, যশোর।

বিষয় : পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা হতে আপনার প্রতিষ্ঠান পরিদর্শনে গিয়ে নিম্নলিখিত অসংগতি পরিলক্ষিত হয়।

- ১। যন্ত্রপাতি, হ্যান্ডটুলস ও ওয়ার্কশপের অবস্থাদৃষ্টে মনে হয় প্রকৃতপক্ষে কোন ব্যবহারিক ক্লাশ করানো হয় না।
- ২। ড্রিল মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৩। হ্যান্ড টুলস অযত্নে রাখার জন্য নষ্ট হয়েছে।
- ৪। লেদ মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৫। শেফার মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৬। বেঞ্চ ড্রিল মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৭। ওয়েল্ডিং মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৮। বিল্ডিং ট্রেডের সকল যন্ত্রপাতি ও হ্যান্ডটুলস অযত্ন অবহেলার কারণে নষ্ট হয়ে যাচ্ছে।
- ৯। ভাইব্রেটর মেশিন খুঁজে পাওয়া যায়নি।
- ১০। দীর্ঘদিন যাবত ওয়ার্কশপ ব্যবহার করা হয়না।
- ১১। ওয়ার্কশপের ভিতরে নোংরা পরিবেশ।
- ১২। ওয়ার্কশপের ভিতর যত্রতত্র মালামাল ফেলে রাখা হয়েছে।
- ১৩। ইয়ার প্লান নেই।
- ১৪। ক্লাশ টেস্ট ও কুইজ টেস্ট নেওয়া হয়না।
- ১৫। অগ্রগতি কার্ড নেই
- ১৬। বেতন রেজিস্টারে জানু/১৯ হতে স্বাক্ষর ও রেভিনিউ লাগানো নেই।
- ১৭। ক্লাশ রুটিনে ব্যবহারিক ক্লাশ ও পিরিয়ড রাখা হয়নি।
- ১৮। ব্যবহারিক ক্লাশের প্রতি শিক্ষকরা আন্তরিক নয়।
- ১৯। বিল্ডিং মেইন্টেনেন্স ও জেনারেল মেকানিক্স ট্রেডের সংশ্লিষ্ট শিক্ষকদের উদাসিনতার জন্য সরকার প্রদত্ত লক্ষ লক্ষ টাকার মালামাল ও যন্ত্রপাতি নষ্ট হয়ে যাচ্ছে।
- ২০। শিক্ষার্থী হাজিরা খাতায় যথানিয়মে হাজিরা সংরক্ষণ করা হয়না।

এমতাবস্থায় উল্লিখিত অসংগতিসমূহ দূর করে আগামী ১৫/১১/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর,

তারিখ : ২৩/১০/২০১৯ খ্রিঃ

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/১৪৬৬ (৬)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। উপ-পরিচালক (মাউশি), খুলনা অঞ্চল।
- ৩। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), যশোর।
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
- ৬। সংরক্ষণ নথি।

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর,

খুলনা/বিভাগ, খুলনা-৯০০০